71

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 MAR 1998 পৃষ্ঠা ১ কলাম ১

# তিন হলে তল্লাশি ॥ অস্ত্র উদ্ধার ॥ ছাত্র দলের ২ জন গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ পুলিশ গত সোমবার গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নিয়ন্ত্রিত ৩টি হল তল্লাশী করিয়া দুইটি আগ্নেয়াস্ত্র ও গুলীসহ দুই ছাত্রদল কর্মীকে গ্রেফতার করিয়াছে। রাত পৌনে ১১টায় তল্লাশীকালে পুলিশ বঙ্গবন্ধু শেখ

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## তিন হলে

(প্রথম পৃঃ পর)

মুজিবুর রহমান হলের ৩০৫ নম্বর কক্ষ হইতে একটি কাটা রাইফেল, একটি টুটু পিস্তল ও ২৪ রাউন্ড গুলীসহ জাহিদ এবং পাভেল নামে ছাত্রদলের দুই কর্মীকে গ্রেফতার করে। তবে কবি জসিমউদ্‌দীন হল ও শহীদ জিয়াউর রহমান হলে তল্লাশী চালাইয়া পুলিশ কিছুই উদ্ধার করিতে পারে নাই।

হল তল্লাশী ও গ্রেফতারের প্রতিবাদে ছাত্রদলের উদ্যোগে তাৎক্ষণিকভাবে বঙ্গবন্ধু হলে মিছিল শেষে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ছাত্রদল নেতা নূরুল হক জিতু, আজমল হোসেন বাচ্চু প্রমুখ বক্তব্য রাখেন।